গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dghs.gov.bd

স্মারক নং-স্বাঃঅধিঃ/চিঃসহাঃ/ ম্যাটস-আইএইচটি-ভর্তি/২০১৩-২০১৪/১২৬ তারিখঃ ১৯-০৬-২০১৩ ইং।

## ভর্তি বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০১৩ - ২০১৪ ইং শিক্ষা বর্ষে মেডিক্যাল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (MATS) ও ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজিতে (IHT) ছাত্র-ছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি।

২০১৩-২০১৪ ইং শিক্ষা বর্ষে স্বাস্থ্য অধিদপ্তরের অধীন বাগেরহাট, কুষ্টিয়া, নোয়াখালী, সিরাজগঞ্জ, টাংগাইল, কুমিল্লা, ফরিদপুর ও ঝিনাইদহে অবস্থিত ৮টি মেডিকেল ট্রেনিং স্কুল (MATS) এ ৩ (তিন) বৎসর মেয়াদী + ০১ (এক) বৎসর ইন্টার্নশীপ মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং (DMF) কোর্সে এবং ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (IHT) ঢাকা, রাজশাহী, বগুড়া, চট্টগ্রাম, বরিশাল, রংপুর, ঝিনাইদহ ও সিলেটে ৩ (তিন) বৎসর মেয়াদী + ০১ (এক) বৎসর ইন্টার্নশীপ ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি কোর্সে বিভিন্ন অনুষদে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য নিম্নবর্ণিত শর্তাবলীসহ দরখাস্ত আহবান করা হচ্ছে।

০১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২. যারা ২০১০, ২০১১, ২০১২ ও ২০১৩ ইং সনে এসএসসি/সমমান পরীক্ষায় পাশ করেছেন তারা আবেদনের যোগ্য হিসাবে বিবেচিত হবে।

০৩. যে কোন শিক্ষা বোর্ড হতে বিজ্ঞান বিভাগে পদার্থ, রসায়ন ও জীববিজ্ঞানসহ SSC বা সমমানের পরীক্ষায় সকল বিষয়ে উত্তীর্ণসহ নূন্যতম জিপিএ ২.৫০ হতে হবে।

০৪. SMS এবং on line এ আবেদন করার শুরুর তারিখ ২২.০৬.২০১৩ সকাল ১০ ঘটিকায়। আবেদন করার শেষ তারিখ ০৭.০৭.২০১৩ রাত ১১-৫৯ মিঃ । পরীক্ষার তারিখ ২৬.০৭.২০১৩ শুক্রবার । সময় ০১ ঘন্টা (১০-১১ টা) ।

০৫. যে কোন একটি সেন্টারে পরীক্ষা দিয়ে যে কোন MATS/ IHT' এর একটি করে সর্বোচ্চ দুইটি Institute এ ভর্তির জন্য (পছন্দক্রমানুসারে) পছন্দ দেওয়া যাবে। একই SMS-এ ম্যাটস এবং আই,এইচ,টি উভয় বিষয়ে ভর্তির জন্য আবেদন গৃহীত হবে। সেন্টার কোড (ছক-১) এবং Institute এ ভর্তির জন্য (ছক-২ ও ছক-৩) ব্যবহার করা যাবে। একাধিক কোটার দাবিদার হলে কমা (,) দিয়ে পর পর লিখতে হবে।

০৬. আবেদন SMS এবং on line এ করতে হবে। SMS করার জন্য, কোড সমূহঃ

ছক-১: পরীক্ষার সেন্টার (যে কোন একটি) :

| | |
|---|---|
| Freedom Fighter | FF |
| Tribal | TR |

| IHT | Code | MATS | Code |
|---|---|---|---|
| Dhaka IHT | 81 | Bagerhat MATS | 91 |
| Rajshahi IHT | 82 | Kushtia MATS | 92 |
| Bogra IHT | 83 | Noakhali MATS | 93 |
| Chittagong IHT | 84 | Serajgonj MATS | 94 |
| Barisal IHT | 85 | Tangail MATS | 95 |
| Rangpur IHT | 86 | Comilla MATS | 96 |
| Jhenaidah IHT | 87 | Faridpur MATS | 97 |
| Sylhet IHT | 88 | | |

ছক-২: IHT+ Subjects (একটি সাবজেক্ট পছন্দ করতে হবে)

| IHT / Subjects | Dhaka | Rajshahi | Bogra | Chittagong | Barisal | Rangpur | Jhenaidah | Sylhet |
|---|---|---|---|---|---|---|---|---|
| Laboratory | 11 | 21 | 31 | 41 | 51 | 61 | 71 | 81 |
| Radiography | 12 | 22 | 32 | 42 | 52 | 62 | 72 | 82 |
| Physiotherapy | 13 | 23 | 33 | 43 | 53 | 63 | 73 | - |
| SIT | 14 | 24 | 34 | 44 | 54 | 64 | 74 | - |
| Dentristy | 15 | 25 | 35 | 45 | 55 | 65 | 75 | - |
| Pharmacy | 16 | 26 | 36 | 46 | 56 | 66 | 76 | - |
| Radiotherapy | 17 | 27 | 37 | 47 | 57 | 67 | 77 | - |

Example: 25: IHT- Rajshahi: Dentistry , 72: IHT-Jhenaidah: Radiography etc.

ছক-৩: MATS ( একটি কোড লিখতে হবে):

| Bagerhat | Kushtia | Noakhali | Serajganj | Tangail | Comilla | Faridpur | Jhenaidah |
|---|---|---|---|---|---|---|---|
| 91 | 92 | 93 | 94 | 95 | 96 | 97 | 98 |

ছক-৪: Division (স্ব-স্ব ডিভিশন কোড লিখতে হবে)

| Dhaka | Chittagong | Rajshahi | Khulna | Barisal | Sylhet | Rangpur |
|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |

০৭. বিভিন্ন ম্যাটস-এ মোট আসন সংখ্যা: ৭১৬

| ম্যাটস | মেধা ভিত্তিক | বিভাগীয় আসন | পার্বত্য উপজাতি | মুক্তিযোদ্ধা | মোট আসন |
|---|---|---|---|---|---|
| Bagerhat MATS | ৭৫ | ৭৫ | ১ | ১ | ১৫২ |
| Khustia MATS | ৫০ | ৫০ | ১ | ১ | ১০২ |
| Noakhali MATS | ৫০ | ৫০ | ১ | ১ | ১০২ |
| Sirajgonj MATS | ৫০ | ৫০ | ১ | ১ | ১০২ |
| Tangail MATS | ৫০ | ৫০ | ১ | ১ | ১০২ |
| Comilla MATS | ২৫ | ২৫ | ১ | ১ | ৫২ |
| Faridpur MATS | ২৫ | ২৫ | ১ | ১ | ৫২ |
| Jhenaidah MATS | ২৫ | ২৫ | ১ | ১ | ৫২ |

বিভাগীয় (Division wise) কোটার ক্ষেত্রে প্রতিটি ম্যাটসে ১৫% আসন মহিলা প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। তবে বিভাগীয় (Division) কোটা বা মহিলা সংরক্ষিত আসনে উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে সাধারণ মেধা তালিকা হতে ঐ আসনগুলি পূরন করা হবে। উপজাতি কোটার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও ভর্তি পরীক্ষা একই হবে। উপজাতীয় প্রার্থীতার স্বপক্ষে গোত্র প্রধান ও জেলা প্রশাসক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র ভর্তির সময় জমা দিতে হবে।

০৮. বিভিন্ন IHT-তে মোট আসন সংখ্যা: ২৪২২

| IHT Subjects | Dhaka | Rajshahi | Bogra | Chittagong | Barisal | Rangpur | Jhenaidah | Sylhet |
|---|---|---|---|---|---|---|---|---|
| Laboratory | ৫০ | ৫০ | ৬৫ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ |
| Radiography | ৫০ | ৫০ | ৫৫ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ |
| Physiotherapy | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | - |
| SIT | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | - |
| Dentristy | ৫০ | ৫০ | ৫৫ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | - |
| Pharmacy | ৫০ | ৫০ | ৫৫ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | - |
| Radiotherapy | ২০ | ২০ | ২০ | ২০ | ২০ | ২০ | ২০ | - |
| Freed.Fighters | ০৫ | ০৫ | ০৫ | ০৫ | ০৫ | ০৫ | ০৫ | ০২ |
| Tribal | ০২ | ০২ | ০২ | ০২ | ০২ | ০২ | ০২ | ০১ |
| TOTAL | ৩২৭ | ৩২৭ | ৩৫৭ | ৩২৭ | ৩২৭ | ৩২৭ | ৩২৭ | ১০৩ |

IHT তে বর্ণিত অনুষদের মোট সাধারণ আসন সংখ্যার ৭০% জাতীয় মেধার ভিত্তিতে, বাকী ৩০% ৭টি বিভাগের (Division) জনসংখ্যার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে। বিভাগীয় (Divisional) প্রার্থীদের কোটার দাবীর ক্ষেত্রে প্রার্থীগনকে আবেদন পত্রে উল্লেখিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর অথবা মেয়রের স্বাক্ষরিত সনদপত্র ভর্তির সময় দাখিল করতে হবে।

০৯. SMS এবং on line এ আবেদন করার পদ্ধতিঃ

আবেদন করার পূর্বে এই তথ্যগুলি লিখে হাতের কাছে নিয়ে বসতে হবে। কোন ভুল হলে শোধরানোর উপায় থাকবেনা:

(১) SSC পরীক্ষার বোর্ড, রোল, পরীক্ষার বছর; (২) যে কেন্দ্রে পরীক্ষা দিতে চায় তার কোড (ছক-১); (৩) IHT + Subject কোড(ছক-২); (৪) MATS এর কোড(ছক-৩); (৫) প্রার্থীর জেলা যে বিভাগে (Division) তার কোড (ছক-৪)।

প্রিপেইড টেলিটকের SMS এর মাধ্যমে আবেদন প্রক্রিয়া (সাধারণ ছাত্র-ছাত্রী) ঃ

***1st SMS:***

প্রিপেইড টেলিটকের মেসেজ অপসনে গিয়ে DGHS লিখে, স্পেস দিয়ে SSC Board লিখে, Roll লিখে, Passing Year লিখে, স্পেস দিয়ে choice1,choice2 (পছন্দের ক্রমানুসারে ছক-২ ও ছক-৩ থেকে দুইটি। Mats/IHT যেকোনটি আগে হতে পারে। examp:93,22 অথবা 33,96 হতে পারে।) স্পেস দিয়ে div code ( ছক-৪) স্পেস দিয়ে quota code (FF বা TR অথবা দুইটি একসাথে FF,TR লিখে Send করতে হবে 16222 নম্বরে। (" বোর্ড:ঢাকা DHA, MAD, DIN, SYL, RAJ, JES, BAR, COM, CHI, TEC, ... )

***উদাহরণঃ* DGHS<>DHA<>231423<>2012<>93,45 <>6<>FF and send to 16222**

ফিরতি SMS টি এ রকম ঃ Name, Your PIN is 23874576 Inst.choice- Mats:Noakhali & Ctg.Dentistry, Div(Sylhet) & TK 500 will be charged.

To pay type DGHS<>YES<>pin_no<>exam_centre (Table-1)<>contact_no and send to 16222.

***2nd SMS:***

পুনরায় প্রিপেইড টেলিটকের মেসেজ অপসনে গিয়ে DGHS লিখে, স্পেস দিয়ে YES লিখে, ফিরতি মেসেজে পাওয়া PIN নম্বর লিখে স্পেস দিয়ে, পরীক্ষা কেন্দ্রের কোড (ছক-১) স্পেস দিয়ে Contact mobile number (যে কোন মোবাইল অপারেটর) লিখে 16222 নম্বরে send করতে হবে।

***উদাহরণঃ* DGHS<>YES<>23874576<>85<>0172 xxxxxxx (যে কোন মোবাইল অপারেটর) and send to 16222**

REPLY: CONGRATS! Name, Fee received successfully for IHT & MATS. Exam center: Barisal-IHT.User name (PDFGJEIT), Password (70180345). For admit card: http: //dghs.teletalk.com.bd (User name, Password আলাদা কাগজে লিখে সংরক্ষণ করতে হবে। হারালে admit card পাওয়া সম্ভব হবেনা।)

১০. SIT ও বিভাগীয় (Departmental) প্রার্থীদের জন্য SMS ঃ

SIT ও বিভাগীয় (Departmental) প্রার্থীরা SMS করার পূর্বে স্বাস্থ্য অধিদপ্তরের অনুমতি নিয়ে একটি ID নম্বর নিতে হবে। SMS এর মাধ্যমে টাকা জমা দিতে হবে।

SIT: (ভর্তি পরীক্ষা হবেনা)

*1st SMS:* DGHS<>SIT<>ID NUMBER<>IHT-code (ছক-২ঃ 14,24,34,44,54,64,74 থেকে একটি) send to 16222

Example: DGHS<>SIT<>1001<>54 & send to 16222 (54: IHT-Barisal: SIT)

Reply: Your PIN is 23874576 & Tk 500 will be charged as application fee.To pay fee pls type DGHS<>YES<>PIN<>Contact_mobile_number (যে কোন মোবাইল অপারেটর) and send to 16222

*2nd SMS:* DGHS<>YES<>PIN<>Contact_mobile_number & send to 16222.

Example: DGHS<>YES<>23874576<>0171xxxxxxx & send to 16222.

উত্তরে User name, Password পাবে যা দিয়ে প্রবেশ পত্র সংগ্রহ করতে হবে। প্রার্থীদের পরীক্ষা দিতে হবেনা কিন্তু পরবর্তীতে ভর্তির জন্য প্রয়োজন হবে।

বিভাগীয় প্রার্থী (Departmental candidate) (ভর্তি পরীক্ষা দেবে) ঃ

*1st SMS:* DGHS<>DEP<>ID NUMBER<>choice1,choice2<>div.code<>quota and send to 16222

EXAMPLE : DGHS<>DEP<>1001<>85,92<>2<>FF & send to 16222

*2nd SMS:* এটা সাধারণ প্রার্থীদের 2nd SMS এর মত হুবহু এক হবে এবং বাকি সমস্ত কার্যক্রম এক হবে।

১১. প্রবেশ পত্রঃ

(১) প্রার্থী ফি জমাদানের পর প্রবেশ পত্র প্রাপ্তির জন্য http: //dghs.teletalk.com.bd –এ ব্রাউজ করবেন। MATS & IHT এ্যাডমিশন অপশনে ক্লিক করলে প্রার্থী স্ব স্ব ইউজার নেম ও পাসওয়ার্ড দিয়ে লগ ইন করলে প্রার্থীর তথ্য প্রদর্শিত হবে এবং ছবি ও স্বাক্ষর আপলোড এর অপশন পাওয়া যাবে। নির্ভুল সাবমিট করলে প্রার্থীর ছবি, স্বাক্ষর ও কেন্দ্রের নাম সম্বলিত প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন। পরবর্তীতে প্রবেশ পত্র ডাউনলোড সংক্রান্ত সময়সীমা *SMS* এ জানানো হবে।

(২) Photo & Signature upload:

Photo (দৈর্ঘ × প্রস্থ) 300 x 300 pixel এবং এই ছবির ফাইল সাইজ ১০০ KB এর বেশী বাঞ্চনীয় নয়। সাদা কালো ছবি গ্রহণযোগ্য নহে। Signature ক্ষেত্রে (দৈর্ঘ ঃ প্রস্থ) ৩০০ x ৮০ pixel এবং ফাইল সাইজ 60 KB এর বেশী বাঞ্চনীয় নয়।

১২. IHT তে বর্ণিত অনুষদের মোট আসন সংখ্যার ৭০% জাতীয় মেধার ভিত্তিতে বাকী ৩০% ৭টি বিভাগের জনসংখ্যার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে। ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, সিলেট ও বরিশাল বিভাগের বিভাগীয় প্রার্থীদের কোটার দাবীর ক্ষেত্রে প্রার্থীগনকে আবেদন পত্রে উলেল্লখিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশিল্পষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর অথবা মেয়রের স্বাক্ষরিত সনদপত্র ভর্তির সময় দাখিল করতে হবে।

১৩. IHT এর প্রতিটি অনুষদে; ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, সিলেট ও বরিশাল বিভাগের বিভাগীয় (Departmental) প্রার্থীদের বেলায় মহিলাদের জন্য নূন্যতম ৩০% আসন সংরক্ষিত থাকবে। তবে এ ক্ষেত্রে উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে সাধারন মেধা তালিকা হতে আসন পুরন করা হবে।

১৪. উপ-জাতীয় প্রার্থীদের জন্য প্রতিটি IHT তে ০২ (দুই) টি করে এবং সিলেট IHT একটি সহ মোট ১৫ টি অতিরিক্ত আসন সংরক্ষিত থাকবে। উপ-জাতীয় প্রার্থীদেরকে অন্যান্য সাধারণ প্রার্থীদের মত একই শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন হতে হবে এবং একই সংগে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহন করতে হবে এবং মেধার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।

১৫. মুক্তিযোদ্ধার সন্তান এবং সন্তানের সন্তান (SIT অনুষদ ব্যতিত) ঢাকা, রাজশাহী, বগুড়া, চট্টগ্রাম, বরিশাল, রংপুর ও ঝিনাইদহ ইনষ্টিটিউট অব হেলথ টেকনোলজীর প্রতিটিতে ৫(পাঁচ) টি করে এবং সিলেট IHT ২টি সহ ৮টি প্রতিষ্ঠানে মোট ৩৭টি অতিরিক্ত আসন সংরক্ষিত থাকবে।

১৬. ঢাকা, রাজশাহী ও বগুড়া আই,এইচ,টিতে প্রতিটি অনুষদে ০২ (দুই) জন করে বিদেশী ছাত্র-ছাত্রী ভর্তি হওয়ার সুযোগ থাকবে এক্ষেত্রে আবেদন করার পুর্বেই স্বাস্থ্য অধিদপ্তর থেকে নম্বর সমতার সনদপত্র সংগ্রহ করতে হবে।

১৭. এসআইটি প্রার্থীদের স্বাস্থ্য অধিদপ্তরের চিকিৎসা শাখা থেকে অন লাইনে আবেদনের জন্য ID নম্বর গ্রহণ করে আবেদন করতে হবে।

ক)এসআইটি অনুষদে চাকুরীরত বিভাগীয় প্রার্থীদের ভর্তির ক্ষেত্রে নুন্যতম উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যে কোন শাখায় যে কোন বিভাগে উত্তীর্ণ হতে হবে। প্রার্থীর বয়স ০১/০৭/২০১৩ ইং তারিখে ৪০(চল্লিশ) বৎসরের উর্ধে হলে আবেদনের অযোগ্য বলে গন্য করা হবে। এস, আই, টি অনুষদে ভর্তিচ্ছু প্রার্থীদের মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফলের পাশাপাশি অভিজ্ঞতার মূল্যায়ন করা হবে। ৫ (পাঁচ) বৎসরের অতিরিক্ত প্রতি বৎসরের অভিজ্ঞতার জন্য ২ (দুই) নম্বর যোগ করা হবে, তবে এ ক্ষেত্রে সর্বোচ্চ ১০ (দশ) নম্বরের বেশী যোগ করা হবেনা।এসএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ৬% এবং এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ৮% এর সহিত অভিজ্ঞতার জন্য প্রাপ্ত নম্বর যোগ করে সর্বমোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।

খ) এসআইটি অনুষদে বিভাগীয় প্রার্থী বলতে তাদেরকেই বুঝানো হবে যারা স্বাস্থ্য মন্ত্রনালয় অথবা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের অধীনে স্বাস্থ্য সহকারী/এএইচ আই/এইচ আই/এফ ডব্লিউ-এ পদে কমপক্ষে তিন বৎসর চাকুরীর অভিজ্ঞতা অর্জন করেছেন। একজন প্রার্থী কেবলমাত্র একটি প্রতিষ্ঠানে আবেদন দাখিল করতে পারবেন, একাধিক প্রতিষ্ঠানে আবেদন করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। এসআইটি অনুষদে কোন লিখিত বা মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে না।

১৮. ক) সকল অনুষদে চাকুরীরত বিভাগীয় প্রার্থী আবেদন করতে পারবেন এবং বিভাগীয় প্রার্থীর জন্য ১০% আসন সংরক্ষিত থাকবে। বিভাগীয় প্রার্থীদেরও অন্যান্য সাধারন প্রার্থীর ন্যায় একই শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে এবং একই সংগে লিখিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহন করতে হবে। বিভাগীয় প্রাথীর বয়স ০১/০৭/২০১৩ ইং তারিখে ৪০ (চল্লিশ) বৎসরের বেশী হলে আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

খ) এসআইটি কোর্স ব্যতিত সকল অনুষদে চাকুরীরত বিভাগীয় প্রার্থী বলতে তাদেরকেই বুঝানো হবে যারা স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীনে বিভিন্ন প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিভাগে এবং সুনির্দিষ্ট পদে কমপক্ষে ৩ (তিন) বৎসর এবং স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠানে ৫(পাঁচ) বৎসর চাকুরীরত আছেন তারাই কেবল মাত্র আবেদনের যোগ্য হবেন। স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠান বলতে যেমন বঙ্গবন্ধু মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় ও হাসপাতাল, বার্ডেম হাসপাতাল, শিশু স্বাস্থ্য ইনষ্টিটিউট ও হাসপাতাল, হলি ফ্যামিলি রেডক্রিসেন্ট মেডিক্যাল কলেজ ও হাসপাতাল, ন্যাশনাল মেডিক্যাল কলেজ ও হাসপতাল, মা ও শিশু স্বাস্থ্য ইনষ্টিটিউট ও হাসপাতাল (মাতুয়াইল) এবং রেলওয়ে হাসপাতাল এ স্ব স্ব বিষয়ে চাকুরীরত আছেন (যেমন- ডেন্টাল এটেনডেন্ট- ডেন্টাল কোর্সে, ল্যাবরেটরী এটেনডেন্ট- ল্যাবরেটরী কোর্সে, ডার্করুম এ্যাসিস্টেন্ট- রেডিওগ্রাফী কোর্সে, কমপাউন্ডার- ফার্মেসী কোর্সে ইত্যাদি) তারাই আবেদন করতে পারবেন।

১৯. মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং কোর্স ও ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি কোর্সে অভিন্ন প্রশ্নপত্রে একই সময়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এবং মেধার ভিত্তিতে ও পছন্দ অনুযায়ী নির্বাচিত করা হবে।

২০. প্রত্যেক প্রার্থীকে এসএসসি সিলেবাস অনুযায়ী ১০০ (একশত) নম্বরের এক ঘন্টা লিখিত পরীক্ষায় (বাংলা-১৫, ইংরেজী- ১৫, অংক ১৫, পদার্থ ১৫, রসায়ন -১৫, জীববিজ্ঞান ১৫ ও সাধারন জ্ঞান ১০) অংশ গ্রহন করতে হবে। লিখিত পরীক্ষা MCQ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে এবং উত্তর পত্র OMR মেশিনে দেখা হবে। MATS এবং IHT উভয় ক্ষেত্রেই ভর্তি পরীক্ষার ফলাফলের সহিত এসএসসি বা সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA এর ২০ গুন যোগ করে মেধা তালিকা প্রস্তুত করা হবে। অর্থাৎ এসএসসি GPA X ২০ + লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর। *কোন মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে না।*

২১. ক) মোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে, মেধা ও পছন্দ অনুযায়ী অনুষদ MATS এবং IHT তে ভর্তির জন্য নির্বাচিত করা হবে। অপেক্ষমান তালিকাও মেধার ভিত্তিতে অনুষদ ভিত্তিক তৈরী করা হবে। অপেক্ষমান তালিকা পরীক্ষার্থীর প্রথম পছন্দের (choice1) বিষয়ের তালিকায় রাখা হবে। নির্বাচিত প্রার্থী র্নিদিষ্ট সময়ের মধ্যে ভর্তি হতে অসমর্থ হলে অপেক্ষমান তালিকা হতে তা পুরন করা হবে। ভর্তির সময় ছাত্র-ছাত্রীগনকে মূল সনদপত্র এবং মার্কসীট অধ্যক্ষের দপ্তরে জমা দিতে হবে। মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় অনুপযুক্ত বিবেচিত হলে তার নির্বাচন বাতিল বলে গন্য হবে। কোনক্রমেই আন্তঃ অনুষদ মাইগ্রেশনের অনুমতি দেওয়া হবে না।

খ) স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক পরিচালিত ভর্তি পরীক্ষায়, সাময়িক ভাবে নির্বাচিত ও অপেক্ষমান তালিকার ক্ষেত্রে কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

গ) ভর্তির জন্য সাময়িক ভাবে নির্বাচিত তালিকা এবং অপেক্ষমান তালিকা একই সাথে প্রকাশ করা হবে।

২২. আবেদন পত্রের.যে সমস্ত তথ্য ও সনদ পত্রের উল্লেখ আছে তার মূল কপি ভর্তির সময় অবশ্যই প্রদান করিতে হবে।

(ক) এসএসসি অথবা সমমানের পরীক্ষা পাশের প্রমানপত্র হিসাবে প্রধান শিক্ষকের দেওয়া প্রশংসা পত্র।

(খ) এসএসসি অথবা সমমানের পরীক্ষার সাময়িক সনদপত্র (যদি থাকে)।

(গ) এসএসসি অথবা সমমানের পরীক্ষার নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট।

(ঘ) স্থায়ী ঠিকানা উল্লেখ পূর্বক নাগরিকত্বের সনদপত্র।

(ঙ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি ছবি।

(চ) উপ-জাতীয় প্রার্থীদের বেলায় জেলা প্রশাসক এবং গোত্র প্রধান স্বাক্ষরিত জেলা গোত্র ও চারিত্রিক বৈশিষ্ট সংক্রান্ত সনদপত্র।

(ছ) প্রার্থীর পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানী মুক্তিযোদ্ধা হয়ে থাকলে, মুক্তিযোদ্ধা কোটায় আবেদন করা যাবে। মুক্তিযোদ্ধা সনদ পত্রের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বর্তমান চলমান পদ্ধতির সাথে ১৯৯৭-২০০১ ইং সন পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত যে সকল মুক্তিযোদ্ধা সনদপত্র ইস্যু করা হয়েছিল তা কার্যকর হবে।

২৩. ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য স্ব স্ব IHT/MATS এর অধ্যক্ষের দপ্তর হতে জানা যাবে।

২৪. ভর্তির পর সকল ছাত্র-ছাত্রীর দাখিলকৃত সনদপত্র/কাগজপত্রাদি শিক্ষাবোর্ড কর্তৃপক্ষ দ্বারা যাচাই করা হবে এবং উক্ত যাচাইয়ের পর কোন ভুল/মিথ্যা তথ্য বের হলে প্রার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে এবং আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। সনদপত্র যাচাই ফি বাবদ প্রত্যেক ভর্তিকৃত ছাত্র-ছাত্রীকে সংশিষ্ট অধ্যক্ষের বরাবরে ৩০.০০ (ত্রিশ) টাকা ফি (অফেরৎযোগ্য) প্রদান করতে হবে।

২৫. প্রচলিত কারিকুলাম অনুযায়ী কোর্স পরিচালিত হবে। সাফল্যজনকভাবে সংশিস্নষ্ট কোর্স সম্পন্নকারীকে সরকারী চাকুরীতে নিয়োগের কোন প্রকার নিশ্চয়তা বা বাধ্যবাধকতা থাকবে না এই মর্মে ভর্তির জন্য মনোনীত প্রত্যেক ছাত্র-ছাত্রীকে ভর্তির সময় প্রচলিত নিয়মানুযায়ী নির্ধারিত ফরমে/ছকে মুচলেকা প্রদান করতে হবে।

19.06.2013

অধ্যাপক ডাঃ এ বি এম আব্দুল হান্নান
পরিচালক
চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ-৮৮২৫৪০০, ফ্যাক্স-৯৮৮৬৬১২
Email: abmhannan@gmail.com

অনুলিপি জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়)।
২. মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়)।
৩. সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়)।
৪. সচিব, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়)।
৫. সচিব, পার্বত্য জেলা বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য জেলা বিষয়ক মন্ত্রণালয়)।
৬. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃষ্টি আকর্ষন-সহকারী পরিচালক, সমন্বয়)।
৭. অতিরিক্ত সচিব (উন্নয়ন ও চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. যুগ্ম-সচিব (চিশিজ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট-এ প্রচার করার জন্য অনুরোধ করা গেল।
১০. উপ-পরিচালক, এমএ/এমই/এইচএম,পি,ডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১১. অধ্যক্ষ, ইনষ্টিটিউট অব হেলথ টেকনোলজী ঢাকা, রাজশাহী বগুড়া, চট্টগ্রাম, বরিশাল, রংপুর, ঝিনাইদহ ও সিলেট।
১২. অধ্যক্ষ, ম্যাটস, বাগেরহাট, কুষ্টিয়া, নোয়াখালী, সিরাজগঞ্জ, টাংগাইল, কুমিল্লা, ফরিদপুর ও ঝিনাইদহ।
১৩. সচিব, বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্বরনী (৮৬- বিজয় নগর), ঢাকা।
১৪. সচিব, ফার্মেসী কাউন্সিল অব বাংলাদেশ, রাহাত টাওয়ার (৫ম তলা), পশ্চিম বাংলামটর, ঢাকা।

19.06.2013

অধ্যাপক ডাঃ এ বি এম আব্দুল হান্নান
পরিচালক
চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ-৮৮২৫৪০০, ফ্যাক্স-৯৮৮৬৬১২
Email: abmhannan@gmail.com